পারা ২০

أَمَّنْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْأَرْضَ وَأَنْزَلَ لَكُمْ مِّنَ السَّمَاءِ مَاءً ۚ ﴿٦٠﴾

৬০। আম্মান্ খলাক্বস্ সামা-ওয়া-তি অল্ আর্‌দ্বোয়া অআন্‌যালা লাকুম্ মিনাস্ সামা — য়ি মা — আন্

(৬০) না কি যিনি আকাশ মণ্ডল ও পৃথিবী সৃষ্টি করেছেন এবং তোমাদের জন্য আকাশ মণ্ডল হতে বৃষ্টি বর্ষন করলেন?

فَأَنْۢبَتْنَا بِهٖ حَدَآئِقَ ذَاتَ بَهْجَةٍ ۚ مَا كَانَ لَكُمْ أَنْ تُنْۢبِتُوْا شَجَرَهَا ۗ أَإِلٰهٌ

ফাআম্‌বাত্‌না-বিহী হাদা — য়িক্বা যা-তা বাহ্‌জ্বাতিন্ মা-কা-না লাকুম্ আন্ তুম্‌বিতূ শাজ্বারহা-; আ ইলা-হুম্

তাতে মনোরম উদ্যান সৃষ্টি করি; গাছ উৎপাদনের শক্তি তোমাদের নেই। অন্য কোন ইলাহ কি আছে? আল্লাহর সঙ্গে

مَّعَ اللّٰهِ ۚ بَلْ هُمْ قَوْمٌ يَّعْدِلُوْنَ ﴿٦١﴾ أَمَّنْ جَعَلَ الْأَرْضَ قَرَارًا وَّجَعَلَ خِلٰلَهَآ

মা'আল্লা-হ্; বাল্ হুম্ ক্বওমুঁই ইয়া'দিলূন্। ৬১। আম্মান্ জ্বা'আলাল্ আর্‌দ্বোয়া ক্বারা-রাঁও অজ্বা'আলা-খিলা-লাহা ~

বরং তারা সত্য থেকে মুখ ফিরিয়ে নিয়েছে। (৬১) না কি যিনি এ জগতকে তোমাদের জন্য বাসস্থান করলেন, এবং তার মাঝে মাঝে

أَنْهٰرًا وَّجَعَلَ لَهَا رَوَاسِيَ وَجَعَلَ بَيْنَ الْبَحْرَيْنِ حَاجِزًا ۗ أَإِلٰهٌ مَّعَ اللّٰهِ ۚ بَلْ

আন্‌হা-রাঁও অজ্বা'আলা লাহা- রওয়া-সিয়া অজ্বা'আলা বাইনাল্ বাহ্‌রাইনি হা-জ্বিযা-আ ইলা-হুম্ মা'আল্লা-হ্; বাল্

দিলেন নদী; রাখলেন পর্বত মালা ও দুই নদীতে সৃষ্টি করেছেন অন্তরায়, আল্লাহর সাথে কি অন্য কোন ইলাহ আছে?

أَكْثَرُهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿٦٢﴾ أَمَّنْ يُّجِيْبُ الْمُضْطَرَّ إِذَا دَعَاهُ وَيَكْشِفُ السُّوْٓءَ وَ

আক্‌ছারুহুম্ লা-ইয়া'লামূন্। ৬২। আম্মাইঁ ইয়ুজ্বীবুল মুদ্বত্বোয়ার্‌র ইযা-দা'আ-হু অ ইয়াক্‌শিফুস্ সূ — য়া অ

বরং তাদের অনেকেই জানে না (৬২) না কি যিনি আর্তের ডাকে সাড়া দেন, বিপদ মুক্ত করেন, তোমাদেরকে তিনি এ দুনিয়ার

يَجْعَلُكُمْ خُلَفَآءَ الْأَرْضِ ۗ أَإِلٰهٌ مَّعَ اللّٰهِ ۚ قَلِيْلًا مَّا تَذَكَّرُوْنَ ﴿٦٣﴾ أَمَّنْ يَّهْدِيْكُمْ

ইয়াজ্‌'আলুকুম্ খুলাফা — য়াল্ আর্‌দ্ব ; আ ইলা-হুম্ মা'আল্লা-হ্; ক্বলীলাম্ মা-তাযাক্কারূন্। ৬৩। আম্মাইঁ ইয়াহ্‌দীকুম্

প্রতিনিধি করেন; আল্লাহর সঙ্গে অন্য কোন কি ইলাহ আছে? তোমরা খুব কমই উপদেশ নিয়ে থাক। (৬৩) না কি যিনি স্থল ও

فِيْ ظُلُمٰتِ الْبَرِّ وَالْبَحْرِ وَمَنْ يُّرْسِلُ الرِّيٰحَ بُشْرًا بَيْنَ يَدَيْ رَحْمَتِهٖ ۗ أَإِلٰهٌ

ফী জুলুমা-তিল্ বার্‌রি অলবাহ্‌রি অ মাইঁ ইয়ুর্‌সিলুর্ রিয়া-হা বুশ্‌রাম্ বাইনা ইয়াদাই রহ্‌মাতিহ্; আ ইলা-হুম্

পানির অন্ধকারে পথ দেখান তিনি, যিনি তাঁর দয়ার পূর্বে সুসংবাদবাহী বায়ু প্রেরণ করেন; আল্লাহর সঙ্গে কি তাদের অন্য

مَّعَ اللّٰهِ ۚ تَعٰلَى اللّٰهُ عَمَّا يُشْرِكُوْنَ ﴿٦٤﴾ أَمَّنْ يَّبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ وَمَنْ

মা'আল্লা-হ্; তা'আলাল্লা-হু 'আম্মা- ইয়ুশ্‌রিকূন্। ৬৪। আম্মাইঁ ইয়াব্‌দায়ুল্ খল্‌ক্ব ছুম্মা ইয়ু'ঈদুহূ অমাইঁ

কোন ইলাহ আছে? আল্লাহ শিরকের বহু ঊর্ধ্বে। (৬৪) না- কি যিনি প্রথমে সৃষ্টি করেছেন তিনিই তার পুনরাবৃত্তি করবেন,

টীকা-(১) আয়াত-৬২ঃ ইমাম কুরতুবী (রঃ) বলেন, আল্লাহ তা'আলা অসহায়ের দোয়া কবুল করেন এবং উক্ত আয়াতে এ কথা ঘোষিত হয়েছে। এর মূল কারণ হল, দুনিয়ার সব ধরনের সহায় হতে নিরাশ এবং সম্পর্ক হতে বিচ্ছিন্ন হয়ে একমাত্র আল্লাহ তা'আলাকেই কার্যোদ্ধারকারী স্থির করে দোয়া করা ইখলাস। আল্লাহ তা'আলার নিকট ইখলাসের মর্তবা অনেক বড়। মু'মিন, কাফের, পাপিষ্ট ও পরহেযগার নির্বিশেষে যার নিকট হতেই ইখলাস পাওয়া যায়, তার প্রতিই আল্লাহর রহমত বর্ষিত হয়। এক সহীহ হাদীসে রাসূলুল্লাহ (ছঃ) বলেন, তিনটি দোয়া অবশ্যই কবুল হয়–এতে কোন সন্দেহ নেই। এক মজলূমের দোয়া, দুই ঃ মুসাফিরের দোয়া এবং তিনঃ সন্তানের জন্য মা. বাবার বদদোয়া। (কুরতুবী, মাঃ কোঃ)

يَرْزُقُكُمْ مِّنَ السَّمَآءِ وَالْاَرْضِ ءَاِلٰهٌ مَّعَ اللّٰهِ قُلْ هَاتُوْا بُرْهَانَكُمْ اِنْ

ইয়ার্‌যুক্বুকুম্ মিনাস্ সামা — য়ি অল্ আর্‌দ্বি; আ ইলা-হুম্ মা'আল্লা-হ্; ক্বুল্ হা-তূ বুর্‌হা-নাকুম্ ইন্
এবং যিনি আকাশ-পৃথিবী হতে রুযী দেন; আল্লাহর সঙ্গে কি অন্য কোন ইলাহ আছে? বলুন, তোমরা তোমাদের প্রমাণ

كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٦٥﴾ قُلْ لَّا يَعْلَمُ مَنْ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ الْغَيْبَ اِلَّا اللّٰهُ

কুন্‌তুম্ ছোয়া-দিক্বীন্। ৬৫। ক্বুল্ লা-ইয়া'লামু মান্ ফিস্ সামা-ওয়া-তি অল্ আর্‌দ্বিল্ গইবা ইল্লাল্লা-হ্;
নিয়ে আস, যদি তোমরা সত্যবাদী হও। (৬৫) বলুন, আল্লাহ ছাড়া আসমান যমীনের কেউ গায়েব সম্বন্ধে অবগত নয়,

وَمَا يَشْعُرُوْنَ اَيَّانَ يُبْعَثُوْنَ ﴿٦٦﴾ بَلِ ادّٰرَكَ عِلْمُهُمْ فِى الْاٰخِرَةِ بَلْ هُمْ فِىْ

অমা-ইয়াশ্'উরূনা আইয়্যা-না ইয়ুব্'আছূন্। ৬৬। বালিদ্ দা-রকা 'ইল্‌মুহুম্ ফিল্ আ-খিরতি বাল্ হুম্ ফী
তারা জানে না কখন পুনরুত্থিত হবে। (৬৬) বস্তুত পরকাল সম্পর্কে তাদের জ্ঞান লোপ পেয়েছে, মূলতঃ এ ব্যাপারে

شَكٍّ مِّنْهَا بَلْ هُمْ مِّنْهَا عَمُوْنَ ﴿٦٧﴾ وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْٓا ءَاِذَا كُنَّا تُرٰبًا ৫ ع ৮ ১ রুকু

শাক্‌কিম্ মিন্‌হা-বাল্ হুম্-মিন্‌হা 'আমূন্। ৬৭। অক্বা-লাল্ লাযীনা কাফারূ ~ আ ইযা-কুন্না তুরা-বাঁও
তারা সন্দেহের মধ্যে আপতিত আছে, তারা এ বিষয়ে অন্ধ। (৬৭) এবং কাফেররা বলে, আমরা ও আমাদের পূর্বপুরুষরা যদি

وَّاٰبَآؤُنَآ اَئِنَّا لَمُخْرَجُوْنَ ﴿٦٨﴾ لَقَدْ وُعِدْنَا هٰذَا نَحْنُ وَاٰبَآؤُنَا مِنْ قَبْلُ اِنْ

অ আ-বা — য়ুনা ~ আইন্না লামুখ্‌রাজূন্। ৬৮। লাক্বদ্ উ'ইদ্‌না-হাযা-নাহ্‌নু অ আ-বা — য়ুনা মিন্ ক্বাব্‌লু ইন্
মাটি হই, তবুও কি আমাদেরকে পুনরুত্থিত করা হবে? (৬৮) এ বিষয়ে তো পূর্বেও আমাদেরকে ও আমাদের পূর্বপুরুষদেরকে

هٰذَآ اِلَّآ اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ ﴿٦٩﴾ قُلْ سِيْرُوْا فِى الْاَرْضِ فَانْظُرُوْا كَيْفَ كَانَ

হা-যা ~ ইল্লা ~ আসা-ত্বীরুল্ আউওয়ালীন্। ৬৯। ক্বুল্ সীরূ ফিল্ আর্‌দ্বি ফান্‌জুরূ কাইফা কা-না
এরূপ ওয়াদা দেয়া হয়েছিল, বরং এটি পূর্ববর্তীদের উপকথা ছাড়া আর কিছু নয়। (৬৯) আপনি বলুন, তোমরা যমীনে ভ্রমণ কর অতঃপর

عَاقِبَةُ الْمُجْرِمِيْنَ ﴿٧٠﴾ وَلَا تَحْزَنْ عَلَيْهِمْ وَلَا تَكُنْ فِىْ ضَيْقٍ مِّمَّا يَمْكُرُوْنَ

'আ-ক্বিবাতুল্ মুজ্‌রিমীন্। ৭০। অলা-তাহ্‌যান্ 'আলাইহিম্ অলা-তাকুন্ ফী দ্বোয়াইক্বিম্ মিম্মা-ইয়াম্‌কুরূন্।
দেখ, কি হয়েছিলে পাপীদের পরিণাম। (৭০) আর আপনি তাদের জন্য দুঃখ করবেন না, তাদের ষড়যন্ত্রে বিরক্ত হবেন না।

﴿٧١﴾ وَيَقُوْلُوْنَ مَتٰى هٰذَا الْوَعْدُ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٧٢﴾ قُلْ عَسٰٓى اَنْ يَّكُوْنَ

৭১। অ ইয়াক্বূ লূনা মাতা- হা-যাল্ ওয়া'দু ইন্ কুন্‌তুম্ ছোয়া-দিক্বীন্। ৭২। ক্বুল্ 'আসা ~ আঁই ইয়্যাকূনা
(৭১) তারা বলে, কখন সে ওয়াদা কার্যে পরিণত হবে? যদি তোমরা সত্যবাদী হও। (৭২) আপনি বলুন, আশ্চার্য নয় যে, যা আযাবের

رَدِفَ لَكُمْ بَعْضُ الَّذِىْ تَسْتَعْجِلُوْنَ ﴿٧٣﴾ وَاِنَّ رَبَّكَ لَذُوْ فَضْلٍ عَلَى

রদিফা লাকুম্ বা'দুল্লাযী তাস্‌তা'জিলূন্। ৭৩। অ ইন্না রব্বাকা লাযূ ফাদ্বলিন্ 'আলান্
জন্য তোমরা তাড়াহুড়া করছ, সম্ভবতঃ তার কিছু অংশ তোমাদের নিকটবর্তী হয়েছে। (৭৩) নিশ্চয়ই আপনার রব মানুষের

النَّاسِ وَلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَشْكُرُوْنَ ﴿٧٤﴾ وَاِنَّ رَبَّكَ لَيَعْلَمُ مَا تُكِنُّ

না-সি অলা-কিন্না আক্‌ছারহুম্ লা-ইয়াশ্‌কুরূন্। ৭৪। অ ইন্না রব্বাকা লা-ইয়া'লামু মা- তুকিন্নু
জন্য বড়ই অনুগ্রহশীল, কিন্তু তোমাদের অনেকেই কৃতজ্ঞ নয়।(৭৪) এবং নিশ্চয়ই আপনার রব অবগত আছেন

صُدُوْرُهُمْ وَمَا يُعْلِنُوْنَ ﴿٧٥﴾ وَمَا مِنْ غَآئِبَةٍ فِي السَّمَآءِ وَالْاَرْضِ اِلَّا فِيْ كِتٰبٍ

ছুদূরুহুম্ অমা-ইয়ু'লিনূন্। ৭৫। অমা-মিন্ গ — য়িবাতিন্ ফিস্ সামা — য়ি অল্ আর্‌দ্বি ইল্লা-ফী কিতা-বিম্
তাদের গোপন ও প্রকাশ্য সবকিছু। (৭৫) আকাশ মণ্ডল ও পৃথিবীতে এমন কোন কিছু গোপন নেই, যা সুস্পষ্ট কিতাবে

مُّبِيْنٍ ﴿٧٦﴾ اِنَّ هٰذَا الْقُرْاٰنَ يَقُصُّ عَلٰى بَنِيْٓ اِسْرَآءِيْلَ اَكْثَرَ الَّذِيْ هُمْ فِيْهِ

মুবীন্। ৭৬। ইন্না হা-যাল্ কু্‌রআ-না ইয়াকু্‌ছছু 'আলা-বানী ~ ইস্‌রা — য়ীলা আক্‌ছারাল্লাযী হুম্ ফীহি
(লাওহে মাহফূযে) নেই।(৭৬) নিশ্চয়ই এই কোরআন ইস্রাঈলীদের কাছে অধিকাংশ ওই বিষয়ই বর্ণনা করে, যাতে তারা

يَخْتَلِفُوْنَ ﴿٧٧﴾ وَاِنَّهٗ لَهُدًى وَّرَحْمَةٌ لِّلْمُؤْمِنِيْنَ ﴿٧٨﴾ اِنَّ رَبَّكَ يَقْضِيْ بَيْنَهُمْ

ইয়াখ্‌তালিফূন্। ৭৭। অ ইন্নাহূ লাহুদাঁও অ রহ্‌মাতু লিল্‌ল্ মু''মিনীন্। ৭৮। ইন্না রব্বাকা ইয়াকৃদ্বী বাইনাহুম্
মতভেদ করে। (৭৭) আর তা মু'মিনদের জন্য হিদায়াত ও রহমত। (৭৮) নিশ্চয়ই আপনার রব তাদের মাঝে মীমাংসা

بِحُكْمِهٖ ج وَهُوَ الْعَزِيْزُ الْعَلِيْمُ ﴿٧٩﴾ فَتَوَكَّلْ عَلَى اللّٰهِ ط اِنَّكَ عَلَى الْحَقِّ الْمُبِيْنِ *

বিহুক্‌মিহী অহুওয়াল্ 'আযীযুল্ 'আলীম্। ৭৯। ফাতাওয়াক্কাল্ 'আলা ল্লা-হ্; ইন্নাকা 'আলাল্ হাক্কিল্ মুবীন্।
করবেন, তিনি বিজয়ী, সর্বজ্ঞ। (৭৯) সুতরাং আল্লাহ্‌র উপর নির্ভর করুন, নিশ্চয়ই আপনি সুস্পষ্ট সত্যের উপর আছেন।

﴿٨٠﴾ اِنَّكَ لَا تُسْمِعُ الْمَوْتٰى وَلَا تُسْمِعُ الصُّمَّ الدُّعَآءَ اِذَا وَلَّوْا مُدْبِرِيْنَ ﴿٨١﴾ وَمَآ

৮০। ইন্নাকা লা-তুস্ মি'উল্ মাওতা অলা-তুস্‌মি'উছ্ ছুম্মাদ্দু'আ — য়া ইযা-অল্লাও মুদ্‌বিরীন্। ৮১। অমা ~
(৮০) নিশ্চয়ই মৃতকে আহবান শুনাতে পারবেন না, বধিরকেও নয়; যখন তারা পিঠ দেখিয়ে চলে যায়। (৮১) আর আপনি

اَنْتَ بِهٰدِي الْعُمْيِ عَنْ ضَلٰلَتِهِمْ ط اِنْ تُسْمِعُ اِلَّا مَنْ يُّؤْمِنُ بِاٰيٰتِنَا فَهُمْ مُّسْلِمُوْنَ *

আন্‌তা বিহা-দিল্ 'উম্‌য়ি 'আন্ দ্বোয়ালা-লাতিহিম্ ইন্ তুস্‌মি'উ ইল্লা-মাইঁ ইয়ু'মিনু বিআ-ইয়া-তিনা-ফাহুম্ মুস্‌লিমূন্।
ভ্রষ্টতা হতে অন্ধকে পথে আনতে পারবেন না, তাদেরকেই শুনাতে পারবেন যারা বিশ্বাসী আমার আয়াত সমূহে। তারাই আত্মসমর্পণকারী।

﴿٨٢﴾ وَاِذَا وَقَعَ الْقَوْلُ عَلَيْهِمْ اَخْرَجْنَا لَهُمْ دَآبَّةً مِّنَ الْاَرْضِ تُكَلِّمُهُمْ اَنَّ

৮২। অ ইযা-অক্বা'আল্ ক্বাওলু 'আলাইহিম্ আখ্‌রাজ্‌না লাহুম্ দা — ব্বাতাম্ মিনাল্ আর্‌দ্বি তুকাল্লিমুহুম্ আন্নান্
(৮২) যখন কেয়ামতের প্রতিশ্রুতি পূর্ণ হওয়ার সময় আসবে, তখন আমি মাটি হতে জন্তু বের করব, যে কথা বলবে,

আয়াত-৭৯ ঃ কোরআনের বিভিন্ন আয়াত ও বহু হাদীস থেকে দুটি বিষয় প্রমাণিত হয়। এক ঃ মৃতরা শুনতে পায়। দুইঃ তাদের শুনা এবং আমাদের শুনানো আমাদের ইখতিয়ারভূক্ত নয়; বরং আল্লাহ যখন ইচ্ছা করেন তখন শুনিয়ে দেন। ইমাম গাযযালী (রঃ) এর মতে ছহীহ্ হাদীস ও একাধিক আয়াত হতে প্রমাণিত যে, মাঝে মাঝে মৃতরা জীবিতদের কথা শুনে, কিন্তু এর কোন প্রমাণ নেই যে, প্রত্যেক মৃত সর্বাবস্থায় প্রত্যেকের কথা অবশ্যই শুনে। সূরা নামল, সূরা রূম ও সূরা ফাতিরের আয়াত দ্বারা প্রমাণিত হয় যে, মৃতদেরকে শুনানো আমাদের ক্ষমতাধীন নয়; বরং আল্লাহ যাকে ইচ্ছা শুনিয়ে থাকেন। সুতরাং যে যে ক্ষেত্রে ছহীহ্ হাদীস দ্বারা শ্রবণ প্রমাণিত আছে সেখানে শ্রবণের বিশ্বাস রাখা উচিত। আর যেখানে প্রমাণ নেই সেখানে শুনা নাশুনা উভয় সম্ভাবনা ই বিদ্যমান আছে। (মাঃ কোঃ)

ع ৬ ১৬ ২ রুকু

النَّاسَ كَانُوا بِآيَاتِنَا لَا يُوقِنُونَ (৮৩) وَيَوْمَ نَحْشُرُ مِنْ كُلِّ أُمَّةٍ فَوْجًا مِمَّنْ

না-সা কা-নূ বি আ-ইয়া-তিনা-লা-ইয়ূক্বিনূন্। ৮৩। অ ইয়াওমা নাহ্শুরু মিন্ কুল্লি উম্মাতিন্ ফাওজাম্ মিম্মাঁই

মানুষ তো আমার নিদর্শন বিশ্বাস করে না। (৮৩) যেদিন আমি একত্র করব প্রত্যেক সম্প্রদায় হতে একটি দলকে, যারা

يُكَذِّبُ بِآيَاتِنَا فَهُمْ يُوزَعُونَ (৮৪) حَتَّىٰ إِذَا جَاءُوا قَالَ أَكَذَّبْتُمْ بِآيَاتِي وَلَمْ

ইয়ুকায্যিবু বিআ-ইয়া-তিনা- ফাহুম্ ইয়ূযা'উন্।৮৪। হাত্তা ~ ইযা-জ্বা — য়ূ ক্ব-লা আকায্যাব্তুম্ বিআ-ইয়া-তী অ লাম্

আমার আয়াত মানত না, যারা শ্রেণীবদ্ধ হবে। (৮৪) যখন তারা আসবে তখন আল্লাহ্ বলবেন, তোমরা কি আয়াত মান নি?

تُحِيطُوا بِهَا عِلْمًا أَمَّاذَا كُنْتُمْ تَعْمَلُونَ (৮৫) وَوَقَعَ الْقَوْلُ عَلَيْهِمْ بِمَا ظَلَمُوا فَهُمْ

তুহীত্বূ বিহা-'ইল্মান্ আম্মা-যা-কুন্তুম্ তা'মালূন্। ৮৫। অ অক্ব'আল্ ক্বওলু 'আলাইহিম্ বিমা-জোয়ালামূ ফাহুম্

অথচ তোমাদের কোন জ্ঞান ছিল না, আর তোমরা আরও কত কি করতে? (৮৫) আর শাস্তি আসবে তাদের উপর তাদের জুলুম্ এর জন্য, সুতরাং তারা কোন কিছু

لَا يَنْطِقُونَ (৮৬) أَلَمْ يَرَوْا أَنَّا جَعَلْنَا اللَّيْلَ لِيَسْكُنُوا فِيهِ وَالنَّهَارَ مُبْصِرًا ط إِنَّ

লা- ইয়ান্ত্বিকূন্। ৮৬। আলাম্ ইয়ারও আন্না জ্বা'আল্নাল্লাইলা লিইয়াস্কুনূ ফীহি অন্নাহা-র মুব্ছির-; ইন্না

বলতে পারবে না। (৮৬) তারা কি দেখে না যে, আমি রাতকে তাদের বিশ্রামের জন্য এবং দিনকে আলোকপ্রদ করেছি?

فِي ذَٰلِكَ لَآيَاتٍ لِقَوْمٍ يُؤْمِنُونَ (৮৭) وَيَوْمَ يُنْفَخُ فِي الصُّورِ فَفَزِعَ مَنْ فِي

ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্লিক্বওমিই ইয়ু'মিনূন্। ৮৭। অ ইয়াওমা ইয়ুন্ফাখু ফিছ্ ছূরি ফাফাযি'আ মান্ ফিস্

নিশ্চয়ই এতে মু'মিনদের জন্য নিদর্শন আছে। (৮৭) এবং যেদিন শিঙ্গায় ফুঁক দেয়া হবে, আসমান যমীনে সবাই ভীত সন্ত্রস্ত

السَّمَاوَاتِ وَمَنْ فِي الْأَرْضِ إِلَّا مَنْ شَاءَ اللَّهُ ط وَكُلٌّ أَتَوْهُ دَاخِرِينَ (৮৮) وَتَرَى

সামা-ওয়া-তি অ মান্ ফিল্ আর্দ্বি ইল্লা-মান্ শা — য়াল্লা-হ্; অ কুল্লুন্ আতাওহু দা-খিরীন্। ৮৮। অ তারল্

হয়ে পড়বে, আল্লাহ্ যাকে ইচ্ছে করেন সে ছাড়া, আর তাঁর নিকট সবাই বিনীত অবস্থায় হাযির হবে। (৮৮) আর আপনি

الْجِبَالَ تَحْسَبُهَا جَامِدَةً وَهِيَ تَمُرُّ مَرَّ السَّحَابِ ط صُنْعَ اللَّهِ الَّذِي أَتْقَنَ

জ্বিবা-লা তাহ্সাবুহা- জ্বা-মিদাতাঁও অহিয়া তামুররু মার্রস্ সাহা-ব্; ছুন্'আল্ল-হি ল্লাযী ~ আত্ক্বনা

পাহাড়সমূহকে দেখে ভাবতেছেন, এগুলো টলবে না, অথচ সেদিন এগুলো মেঘমালার মত উড়বে; আল্লাহর সৃষ্টি, যিনি সব

كُلَّ شَيْءٍ ط إِنَّهُ خَبِيرٌ بِمَا تَفْعَلُونَ (৮৯) مَنْ جَاءَ بِالْحَسَنَةِ فَلَهُ خَيْرٌ مِنْهَا ج

কুল্লা শাইয়িন্ ইন্নাহু খাবীরুম্ বিমা-তাফ্'আলূন্। ৮৯। মান্ জ্বা — য়া বিল্হাসানাতি ফালাহূ খইরুম্ মিন্হা-

কিছুকে সুষম করলেন, তিনি তোমাদের কর্মের খবর রাখেন। (৮৯) সেদিন যে পুণ্য নিয়ে আসবে সেদিন সে তদপেক্ষা

وَهُمْ مِنْ فَزَعٍ يَوْمَئِذٍ آمِنُونَ (৯০) وَمَنْ جَاءَ بِالسَّيِّئَةِ فَكُبَّتْ وُجُوهُهُمْ

অ হুম্ মিন্ ফাযাই; ইয়াওমায়িযিন্ আ-মিনূন্। ৯০। অ মান্ জ্বা — য়া বিস্ সাইয়িয়াতি ফাকুব্বাত্ উজূহুহুম্

উত্তম বিনিময় পাবে, সেদিন আতংক হতে নিরাপদ হবে। (৯০) আর যে কুকর্ম নিয়ে আসবে, তারা আগুনে অধোমুখে

فِي النَّارِ هَلْ تُجْزَوْنَ إِلَّا مَا كُنْتُمْ تَعْمَلُونَ ﴿٩١﴾ إِنَّمَا أُمِرْتُ أَنْ أَعْبُدَ

ফীন্না-র; হাল্ তুজ্ব্ যাওনা ইল্লা-মা-কুন্তুম্ তা'মালূন্। ৯১। ইন্নামা ~ উমির্তু আন্ আ'বুদা

নিক্ষিপ্ত হবে;তাদেরকে বলা হব, তোমরা যা করতে তারই শাস্তি ভোগ করবে। (৯১) বলুন, আমি তো এ নগরীর রবের

رَبَّ هَٰذِهِ الْبَلْدَةِ الَّذِي حَرَّمَهَا وَلَهُ كُلُّ شَيْءٍ وَأُمِرْتُ أَنْ أَكُونَ

রব্বাহা-যিহিল্ বাল্দাতিল্লাযী হার্রামাহা-অ লাহূ কুল্লু শাইয়িঁও অ উমির্তু আন্ আকূনা

ইবাদাত করতে আদিষ্ট হয়েছি, যিনি একে সম্মান দিয়েছেন, এবং তাঁরই সব কিছু; আর আমি আদিষ্ট হয়েছি যে, আমি যেন

مِنَ الْمُسْلِمِينَ ﴿٩٢﴾ وَأَنْ أَتْلُوَا الْقُرْآنَ فَمَنِ اهْتَدَىٰ فَإِنَّمَا يَهْتَدِي

মিনাল্ মুস্লিমীন্। ৯২। অ আন্ আত্লুওয়াল্ ক্বুর্আ-না ফামানিহ্ তাদা-ফাইন্নামা-ইয়াহ্তাদী

তাঁরই অনুগত হয়ে থাকি; (৯২) আর যেন আমি কোরআন পড়ে শুনাই; আর যে সৎপথ অনুসরণ করে, সে নিজের কল্যাণেই

لِنَفْسِهِ وَمَنْ ضَلَّ فَقُلْ إِنَّمَا أَنَا مِنَ الْمُنْذِرِينَ ﴿٩٣﴾ وَقُلِ الْحَمْدُ

লিনাফ্সিহী অমান্ দ্বোয়াল্লা ফাক্বুল্ ইন্নামা ~ আনা মিনাল্ মুন্যিরীন্। ৯৩। অ ক্বুলিল্ হাম্দু

সৎপথ অবলম্বন করে, আর যে ভ্রষ্ট হবে (তাকে) আপনি বলুন, আমি তো সতর্ককারী মাত্র।(৯৩) আপনি বলুন, সকল প্রশংসা একমাত্র

ع ٧ ١١ ٣ রুকু

لِلَّهِ سَيُرِيكُمْ آيَاتِهِ فَتَعْرِفُونَهَا وَمَا رَبُّكَ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُونَ

লিল্লা-হি সাইয়ুরীকুম্ আ-ইয়া-তিহী ফাতা'রিফূনাহা-; অমা-রব্বুকা বিগ-ফিলিন্ আম্মা-তা'মালূন্।

আল্লাহর জন্য তিনি অতি শীঘ্র তাঁর নিদর্শনসমূহ দেখাবেন, তখন বুঝবে; তোমাদের রব তোমাদের কর্ম সম্পর্কে গাফেল নন।

সূরা ক্বাছোয়াছ্ মক্কাবতীর্ণ	بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে	আয়াত ঃ ৮৮ রুকূ ঃ ৯

﴿١﴾ طسم ﴿٢﴾ تِلْكَ آيَاتُ الْكِتَابِ الْمُبِينِ ﴿٣﴾ نَتْلُو عَلَيْكَ مِنْ نَبَإِ مُوسَىٰ

১। ত্বোয়া-সী ~ ম্ মী — ম্। ২। তিল্কা আ-ইয়া-তুল্ কিতা-বিল্ মুবীন্।৩। নাত্লু 'আলাইকা মিন্ নাবা-য়ি মূসা-

(১) ত্বোয়া, সীন, মীম, (২) এটি সুস্পষ্ট কিতাবের আয়াত। (৩) আমি আপনার নিকট যথাযথভাবে বর্ণনা করছি মূসা ও

وَفِرْعَوْنَ بِالْحَقِّ لِقَوْمٍ يُؤْمِنُونَ ﴿٤﴾ إِنَّ فِرْعَوْنَ عَلَا فِي الْأَرْضِ وَجَعَلَ

অ ফির্'আউনা বিল্হাক্বক্বি লিক্বওমিঁ ইয়ু''মিনূন্। ৪। ইন্না ফির্'আউনা 'আলা-ফিল্ আর্দ্বি অজ্বা'আলা

ফেরাউনের ঘটনা মু'মিন সম্প্রদায়ের উদ্দেশে। (৪) নিশ্চয়ই ফেরাউন যমীনে বেড়ে গিয়েছিল, দেশবাসিকে বিভিন্ন শ্রেণীতে

টীকা-১। আয়াত-১ঃ মক্কায় অবতীর্ণ সূরাসমূহের মধ্যে সূরা আল-কাসাস সর্বশেষ সূরা। হিজরতের সফরে রাসূলুল্লাহ (ছঃ) যখন জুহফা অর্থাৎ রাবেগের নিকট উপনীত হয় তখন জিবরাঈল (আঃ) আগমন করেন এবং রাসূলুল্লাহ (ছঃ) কে বলেন, হে মুহাম্মদ (ছঃ)! আপনার মাতৃভূমির কথা আপনার মনে পড়ে কি? তিনি জবাবে বললেন, হ্যাঁ, মনে পড়ে বৈ কি? অতঃপর জিবরাঈল (আঃ) তাঁকে এই সূরা পাঠ করে শুনালেন। (মাঃ কোঃ) আয়াত-৩ ঃ উপদেশ লাভ ও নবুওয়াতের সত্যতার প্রমাণ গ্রহণ করা এবং অন্যান্য উপকার বর্তমানে প্রকৃত মু'মিন হোক অথবা ভবিষ্যতে ঈমান আনার ইচ্ছুক হোক। এরা ছাড়া কেউ এ উদ্দেশে কাহিনীগুলো শ্রবণ করে না, সুতরাং তাদের জন্য কল্যাণকরও নয়। (মাঃ কোঃ)

أَهْلَهَا شِيَعًا يَسْتَضْعِفُ طَائِفَةً مِنْهُمْ يُذَبِّحُ أَبْنَاءَهُمْ وَيَسْتَحْيِي نِسَاءَهُمْ ۚ

আহ্‌লাহা-শিয়া'আই ইয়াস্ তাদ্‌'ঈফু ত্বোয়া — য়িফাতাম্ মিন্‌হুম্ ইয়ুযাব্বিহু আব্‌না — য়া হুম্ অ ইয়াস্‌তাহ্‌য়ী নিসা — য়া হুম্;
বিভক্ত করে একদলকে দুর্বল করে রেখেছিল এবং তাদের ছেলেদেরকে হত্যা করত এবং মেয়েদেরকে জীবিত রাখত নিশ্চয়ই

إِنَّهُ كَانَ مِنَ الْمُفْسِدِينَ ۝٤ وَنُرِيدُ أَنْ نَمُنَّ عَلَى الَّذِينَ اسْتُضْعِفُوا فِي

ইন্নাহূ কা-না মিনাল্ মুফ্‌সিদীন্। ৫। অ নুরীদু আন্ নামুন্না 'আলাল্লাযীনাস্ তুদ্‌'ইফূ ফিল্
সে ছিল বিপর্যয় সৃষ্টিকারী। (৫) এবং আমি ইচ্ছা করলাম যে, সে যমীনে যাদেরকে দুর্বল করা হয়েছে তাদের প্রতি অনুগ্রহ

الْأَرْضِ وَنَجْعَلَهُمْ أَئِمَّةً وَنَجْعَلَهُمُ الْوَارِثِينَ ۝٥ وَنُمَكِّنَ لَهُمْ فِي الْأَرْضِ

আর্‌দ্বি অনাজ্‌'আলাহুম্ আয়িম্মাতাঁও অনাজ্‌'আলা-হুমুল্ ওয়া-রিছীন্। ৬। অ নুমাক্কিনা লাহুম্ ফিল্ আর্‌দ্বি
করতে, তাদেরকে নেতৃত্ব দান করতে, তাদেরকে দেশের অধিকারী করতে; (৬) এবং তাদেরকে যমীনে প্রতিষ্ঠিত করতে এবং

وَنُرِيَ فِرْعَوْنَ وَهَامَانَ وَجُنُودَهُمَا مِنْهُمْ مَا كَانُوا يَحْذَرُونَ ۝٦ وَأَوْحَيْنَا

অ নুরিয়া ফির্‌'আউনা অহা-মা-না অজ্‌নূদাহুমা- মিন্‌হুম্ মা-কা-নূ ইয়াহ্‌যারূন্। ৭। অআওহাইনা ~
যে কারণে ফেরাউন, হামান ও তাদের বাহিনী (দুর্বল বনী ইসরাঈলের পক্ষ হতে) আশঙ্কা করত তা দেখাতে।(৭) আর আমি অহী

إِلَىٰ أُمِّ مُوسَىٰ أَنْ أَرْضِعِيهِ ۖ فَإِذَا خِفْتِ عَلَيْهِ فَأَلْقِيهِ فِي الْيَمِّ وَلَا تَخَافِي

ইলা ~ উম্মি মূসা ~ আন্ আর্‌দ্বি'ঈহি ফাইযা-খিফ্‌তি 'আলাইহি ফাআল্‌ক্বীহি ফিল্ ইয়াম্মি অলা-তাখ্-ফী
প্রেরণ করলাম মূসার মায়ের কাছে, তুমি তাকে স্তন্য দান করতে থাক, আর যদি আশংকা কর, তবে তাকে নদীতে ছেড়ে দাও, ভয়

وَلَا تَحْزَنِي ۖ إِنَّا رَادُّوهُ إِلَيْكِ وَجَاعِلُوهُ مِنَ الْمُرْسَلِينَ ۝٧ فَالْتَقَطَهُ آلُ

অলা তাহ্‌যানী ইন্না রা — দ্দূহু ইলাইকি অজ্বা-'ইলূহু মিনাল্ মুরসালীন্। ৮। ফাল্‌তাক্বত্বোয়াহূ ~ আ-লু
করো না, দুঃখও করো না আমি অবশ্যই তাকে তোমার নিকট প্রত্যাবর্তন করাব, এবং তাকে রাসূল বানাব। (৮) অতঃপর তাকে

فِرْعَوْنَ لِيَكُونَ لَهُمْ عَدُوًّا وَحَزَنًا ۗ إِنَّ فِرْعَوْنَ وَهَامَانَ وَجُنُودَهُمَا كَانُوا

ফির্‌'আউনা লিইয়াকূনা লাহুম্ 'আদুওও অ হাযানা-; ইন্না ফির্‌'আউনা অহা-মা-না অ জুনূদাহুমা- কা-নূ
উঠাল ফেরাউনের লোকেরা; অথচ সে তাদের শত্রু এবং সে তাদের দুঃখের কারণ হবে; নিঃসন্দেহে ফেরাউন, হামান ও তাদের

خَاطِئِينَ ۝٨ وَقَالَتِ امْرَأَتُ فِرْعَوْنَ قُرَّتُ عَيْنٍ لِي وَلَكَ ۖ لَا تَقْتُلُوهُ ۖ

খত্বিয়ীন্। ৯। অক্ব-লাতিম্ রয়াতু ফির্‌'আউনা ক্বুররতু 'আইনিল্লী অলাকা; লা-তাক্বতুলূহু
বাহিনী ভুল করেছিল। (৯) আর ফেরাউনের স্ত্রী বলল, এ শিশুটি আমার ও তোমার নয়ন মনি; একে হত্যা করো না;

عَسَىٰ أَنْ يَنْفَعَنَا أَوْ نَتَّخِذَهُ وَلَدًا وَهُمْ لَا يَشْعُرُونَ ۝٩ وَأَصْبَحَ فُؤَادُ أُمِّ

'আসা ~ আঁই ইয়্যান্‌ফাআ'না ~ আও নাত্তাখিযাহু অলাদাঁও অহুম্ লা-ইয়াশ্‌'উরূন্। ১০। অআছ্‌বাহা-ফুয়া- দু উম্মি
সে আমাদের উপকারে আসতে পারে, কিংবা তাকে আমাদের সন্তানও বানাতে পারি; তারা বুঝেনি। (১০) মূসার মায়ের মন

مُوسَىٰ فَارِغًا إِن كَادَتْ لَتُبْدِي بِهِ لَوْلَا أَن رَّبَطْنَا عَلَىٰ قَلْبِهَا لِتَكُونَ مِنَ

মূসা-ফা-রিগ-; ইন্ কা-দাত্ লাতুব্দী বিহী লাওলা ~ আর্রবাত্ব্না- 'আলা-ক্বল্বিহা-লিতাকূনা মিনাল্

অস্থির ছিল; যেন আশ্বস্ত হয়, তার জন্য তার মনকে দৃঢ় না করলে সে তো সব প্রকাশ করে দিত; এইরূপ করলাম, যেন সে

الْمُؤْمِنِينَ ﴿١١﴾ وَقَالَتْ لِأُخْتِهِ قُصِّيهِ فَبَصُرَتْ بِهِ عَن جُنُبٍ وَهُمْ لَا

মু''মিনীন্ । ১১ । অক্ব-লাত্ লিউখ্তিহী ক্বুছ্ছীহি ফাবাছোয়ারত বিহী 'আন্ জু্নুবিঁও অহুম্ লা-

বিশ্বাসীদের অন্তর্ভুক্ত থাকে। (১১) আর সে মূসার বোনকে বলল, তুই এর সঙ্গে যা, সে দূর হতে দেখতেছিল, আর তারা

يَشْعُرُونَ ﴿١٢﴾ وَحَرَّمْنَا عَلَيْهِ الْمَرَاضِعَ مِن قَبْلُ فَقَالَتْ هَلْ أَدُلُّكُمْ عَلَىٰ أَهْلِ

ইয়াশ্'উরূন্। ১২। অ হার্রম্না- 'আলাইহিল্ মার-দ্বি'আ মিন্ ক্বব্লু ফাক্ব-লাত্ হাল্ আদুল্লুকুম্ 'আলা ~ আহ্লি

জানত না। (১২) আর আমি পূর্বেই ধাত্রীস্তন্য পান নিষিদ্ধ করেছি; মূসার বোন বলল, আমি কি তোমাদেরকে এমন পরিবারের খবর

بَيْتٍ يَكْفُلُونَهُ لَكُمْ وَهُمْ لَهُ نَاصِحُونَ ﴿١٣﴾ فَرَدَدْنَاهُ إِلَىٰ أُمِّهِ كَيْ تَقَرَّ عَيْنُهَا

বাইতিঁ ইয়াক্ফুলূনাহূ লাকুম্ অহুম্ লাহূ না-ছিহূন্। ১৩। ফারদাদ্না-হু ইলা ~ উম্মিহী কাই তাক্বর্র 'আইনুহা-

দিব? যারা তোমাদের হয়ে তার লালন পালন করবে, তারা তার মঙ্গলকামী হবে? (১৩) আমি তাকে মায়ের কাছে ফিরিয়ে দিলাম,

وَلَا تَحْزَنَ وَلِتَعْلَمَ أَنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ وَلَٰكِنَّ أَكْثَرَهُمْ لَا يَعْلَمُونَ ﴿١٤﴾ وَلَمَّا

'অলা-তাহ্যানা অলিতা'লামা আন্না অদাল্লা-হি হাক্ব্কুঁও অলা-কিন্না আক্ছারহুম্ লা-ইয়া'লামূন্ । ১৪। অ লাম্মা-

যেন তার চোখ জুড়ায়, দুঃখ না করে, আর বুঝে যে, আল্লাহর ওয়াদা সত্য, তবে অনেকেই জানে না। (১৪) আর যখন

بَلَغَ أَشُدَّهُ وَاسْتَوَىٰ آتَيْنَاهُ حُكْمًا وَعِلْمًا ۚ وَكَذَٰلِكَ نَجْزِي الْمُحْسِنِينَ

বালাগ আশুদ্দাহূ অস্তাওয়া ~ আ-তাইনা-হু হুক্মাঁও অ'ইল্মা-; অকাযা-লিকা নাজ্যিল্ মুহ্সিনীন্।

সে যৌবনে পৌঁছল ও পূর্ণত্ব লাভ করল তখন তাকে জ্ঞান-বিজ্ঞান দিলাম, আর আমি পুণ্যশীলদেরকে এভাবেই পুরস্কৃত করে থাকি।

﴿١٥﴾ وَدَخَلَ الْمَدِينَةَ عَلَىٰ حِينِ غَفْلَةٍ مِّنْ أَهْلِهَا فَوَجَدَ فِيهَا رَجُلَيْنِ يَقْتَتِلَانِ

১৫। অ দাখালাল্ মাদীনাতা 'আলা-হীনি গাফ্লাতিম্ মিন্ আহ্লিহা- ফাওয়াজ্বাদা ফীহা-রজু্লাইনি ইয়াক্ব্তাতিলা-নি

(১৫) আর মূসা এমন সময় নগরে প্রবেশ করল যখন নগরবাসী অসতর্কছিল সে এসে দেখল দুটি লোক সংঘর্ষে

هَٰذَا مِن شِيعَتِهِ وَهَٰذَا مِنْ عَدُوِّهِ ۖ فَاسْتَغَاثَهُ الَّذِي مِن شِيعَتِهِ عَلَى الَّذِي

হাযা-মিন্ শী'আতিহী অ হাযা-মিন্ 'আদুওয়্যিহী ফাস্তাগা-ছাহুল্ লাযী মিন্ শী 'আতিহী 'আলাল্লাযী

লিপ্ত; একজন ছিল তার নিজ সম্প্রদায়ের, আর অন্যজন ছিল তার শত্রুদলের, তার সম্প্রদাদায়ের লোকটি শত্রুর বিরুদ্ধে তার

এক চতুর্থাংশ ১

ع ১৩ 4 রুকু

আয়াত-১২ ঃ যেহেতু তখন তারা হযরত মূসাকে (আঃ) কারও দুধপান করাতে পারছিল না। সুতরাং এই পরামর্শকে সুযোগ মনে করে সেই ধাত্রীর ঠিকানা জিজ্ঞেস করল। সে তার মাতার ঠিকানা বলে দিল। অবশেষে তাকে ডেকে আনা হল। মূসা (আঃ) কে তাঁর কোলে দেয়া মাত্রই তিনি দুধপান করতে লাগলেন। অতঃপর তাদের অনুমতিক্রমে হযরত মূসা (আঃ)-এর মা শান্ত মনে তাকে নিয়ে গৃহে প্রত্যাবর্তন করলেন। মাঝে মাঝে নিয়ে আছিয়াও ফেরাউনকে দেখিতে আনতেন। হাদীস থেকে জানা যায় যে, হযরত মূসার (আঃ)-এর মা ফেরআউন থেকে তাঁকে দুধপান করাবার বিনিময়ও গ্রহণ করেছিলেন। কেননা, বিনিময় গ্রহণ না করলে তারা ধারণা করবে, এ স্ত্রীলোটিই শিশুটির, তাই সে বাৎসল্যবশতঃ বিনিময় গ্রহণ করতে অস্বীকার করেছে। (বঃ কোঃ)

مِنْ عَدُوِّهٖ فَوَكَزَهٗ مُوْسٰى فَقَضٰى عَلَيْهِ ۫ قَالَ هٰذَا مِنْ عَمَلِ الشَّيْطٰنِ ؕ

মিন্ 'আদুওয়িহী ফা অকাযাহূ মূসা-ফাক্বদ্বোয়া 'আলাইহি ক্ব-লা হাযা-মিন্ 'আমালিশ্ শাইত্বোয়ান্'
নিকট সাহায্য প্রার্থনা করল; তখন মূসা তাকে ঘুষি মারে এবং এতে সে মৃত্যু মুখে পতিত হল। মূসা বলল, এটা শয়তানের কাণ্ড,

اِنَّهٗ عَدُوٌّ مُّضِلٌّ مُّبِيْنٌ ﴿۱۶﴾ قَالَ رَبِّ اِنِّيْ ظَلَمْتُ نَفْسِيْ فَاغْفِرْ لِيْ فَغَفَرَ لَهٗ ؕ

ইন্নাহূ 'আদুওয়্যুম্ মুদ্বিল্লুম্ মুবীন্। ১৬। ক্ব-লা রব্বি ইন্নী জোয়ালাম্তু নাফ্সী ফাগ্ফির্লী ফাগফার লাহূ;
সে স্পষ্ট শত্রু ও বিভ্রান্তকারী। (১৬) সে বলল, হে আমার রব! আমি আমার প্রতি জুলুম্ করেছি, অতএব আমাকে ক্ষমা করুন।

اِنَّهٗ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ ﴿۱۷﴾ قَالَ رَبِّ بِمَآ اَنْعَمْتَ عَلَيَّ فَلَنْ اَكُوْنَ ظَهِيْرًا

ইন্নাহূ হুওয়াল্ গফূরুর্ রহীম্। ১৭। ক্ব-লা রব্বি বিমা ~ আন্'আম্তা 'আলাইয়্যা ফালান্ আকূনা জোয়াহীরল্
তিনি তাকে ক্ষমা করলেন, তিনি ক্ষমাশীল, পরম দয়ালু। (১৭) বলল, হে আমার রব! আমাকে যে করুণা করেছেন এরপর আমি

لِّلْمُجْرِمِيْنَ ﴿۱۸﴾ فَاَصْبَحَ فِي الْمَدِيْنَةِ خَآئِفًا يَّتَرَقَّبُ فَاِذَا الَّذِي اسْتَنْصَرَهٗ

লিল্মুজ্রিমীন্। ১৮। ফায়াছ্বাহা ফিল্ মাদীনাতি খ — য়িফাইঁ ইয়াতারক্ক্বু ফাইযাল্লাযিস্ তান্ছোয়ারহূ
কখনও সহযোগী হব না অপরাধীদের।(১৮) ভীত অবস্থায় নগরীতে তার ভোর হল, যে পূর্বদিন তার নিকট সাহায্য চেয়েছিল

بِالْاَمْسِ يَسْتَصْرِخُهٗ ؕ قَالَ لَهٗ مُوْسٰٓى اِنَّكَ لَغَوِيٌّ مُّبِيْنٌ ﴿۱۹﴾ فَلَمَّآ اَنْ اَرَادَ

বিল্আম্সি ইয়াস্তাছ্রিখুহূ; ক্ব-লা লাহূ মূসা ~ ইন্নাকা লাগাওয়িয়্যুম্ মুবীন্। ১৯। ফালাম্মা ~ আন আর-দা
সে লোকটি আবার তাকে চিৎকার করে সাহায্যের জন্য ডাকল ; মূসা তাকে বলল, তুমি তো স্পষ্টই একজন ভ্রান্ত।(১৯) অতঃপর যখন

اَنْ يَّبْطِشَ بِالَّذِيْ هُوَ عَدُوٌّ لَّهُمَا ۙ قَالَ يٰمُوْسٰٓى اَتُرِيْدُ اَنْ تَقْتُلَنِيْ كَمَا

আঁই ইয়াব্ত্বিশা বিল্লাযী হুয়া'আদুওয়্যুল্ লাহুমা-ক্ব-লা ইয়া- মূসা ~ আতুরীদু আন্ তাক্ব্তুলানী কামা-
সে তাকে ধরতে চাইল যে তাদের উভয়েরই শত্রু; (তখন পূর্ব দিনের) লোকটি বলল, হে মূসা! তুমি কি আমাকেও হত্যা

قَتَلْتَ نَفْسًۢا بِالْاَمْسِ ۖ اِنْ تُرِيْدُ اِلَّآ اَنْ تَكُوْنَ جَبَّارًا فِي الْاَرْضِ وَمَا

ক্বতাল্তা নাফ্সাম্ বিল্আম্সি ইন্ তুরীদু ইল্লা ~ আন্ তাকূনা জ্বাব্বা-রন্ ফিল্ আর্দ্বি অমা-
করতে চাও গতকাল যে ভাবে তুমি একজনকে হত্যা করেছিলে? তুমি তো দেখছি যমীনে স্পষ্ট স্বেচ্ছাচারী হতে চাও?

تُرِيْدُ اَنْ تَكُوْنَ مِنَ الْمُصْلِحِيْنَ ﴿۲۰﴾ وَجَآءَ رَجُلٌ مِّنْ اَقْصَا الْمَدِيْنَةِ يَسْعٰى ۙ

তুরীদু আন্ তাকূনা মিনাল্ মুছ্লিহীন্। ২০। অজ্বা — য়া রাজুলুম্ মিন্ আক্ব্ছোয়াল্ মাদীনাতি ইয়াস্ 'আ-
আপোষকামী হওয়ার ইচ্ছা তুমি পোষন কর না ? (২০) আর শহরের অপর প্রান্ত হতে এক লোক ছুটে এসে তাকে বলল,

قَالَ يٰمُوْسٰٓى اِنَّ الْمَلَاَ يَاْتَمِرُوْنَ بِكَ لِيَقْتُلُوْكَ فَاخْرُجْ ۚ اِنِّيْ لَكَ مِنَ

ক্ব-লা ইয়া-মূসা ~ ইন্নাল্ মালায়া ইয়া'তামিরূনা বিকা লিইয়াক্ব্তুলূকা ফাখ্রুজ্ব্ ইন্নী লাকা মিনাল্
হে মূসা! ফেরাউনের সভাষদরা তোমাকে হত্যার পরামর্শ করছে; সুতরাং তুমি এখান থেকে চলে যাও, আমি নিঃসন্দেহে তোমার

النّٰصِحِيْنَ ﴿٢١﴾ فَخَرَجَ مِنْهَا خَآئِفًا يَّتَرَقَّبُ ز قَالَ رَبِّ نَجِّنِىْ مِنَ الْقَوْمِ

না-ছিহীন্। ২১। ফাখরজ্বা মিন্হা-খ — য়িফাইঁ ইয়াতারক্কু্বু ক্ব-লা রব্বি নাজ্জ্বিনী মিনাল্ ক্বওমিজ্

কল্যাণকামী। (২১) অতঃপর তথা হতে ভীত অবস্থায় বের হয়ে বলল, হে আমার রব! এ জালিমদের কবল থেকে আমাকে

ع ২ ৮ ৫ রুকু

الظّٰلِمِيْنَ ﴿٢٢﴾ وَلَمَّا تَوَجَّهَ تِلْقَآءَ مَدْيَنَ قَالَ عَسٰى رَبِّىْۤ اَنْ يَّهْدِيَنِىْ سَوَآءَ

জোয়া-লিমীন্। ২২। অলাম্মা-তাওয়াজ্জাহা -তিল্ক্ব — য়া মাদ্ইয়ানা ক্ব-লা 'আসা রাব্বী ~ আইঁ ইয়াহ্দিয়ানী সাওয়া — য়াস্

রক্ষা কর। (২২) আর যখন মূসা মাদ্ইয়ানের দিকে যাত্রা করল তখন বলল, আশা করি আমার রব আমাকে সরল পথ

السَّبِيْلِ ﴿٢٣﴾ وَلَمَّا وَرَدَ مَآءَ مَدْيَنَ وَجَدَ عَلَيْهِ اُمَّةً مِّنَ النَّاسِ يَسْقُوْنَ ز وَوَجَدَ

সাবীল্। ২৩। অলাম্মা-অরদা মা — য়া মাদ্ইয়ানা অজ্বাদা 'আলাইহি উম্মাতাম্ মিনান্না-সি ইয়াস্ক্বূনা অওয়াজ্বাদা

দেখাবেন। (২৩) যখন মাদ্ইয়ানের কূপে পৌঁছল, তখন একদল লোক পেল, যারা পানি পান করাচ্ছিল; এবং তাদের পেছনে

مِنْ دُوْنِهِمُ امْرَاَتَيْنِ تَذُوْدٰنِ ج قَالَ مَا خَطْبُكُمَا قَالَتَا لَا نَسْقِىْ حَتّٰى يُصْدِرَ

মিন্ দূনিহিমুম্ রয়াতাইনি তাযূদা-নি ক্ব-লা মা-খত্ববুকুমা-; ক্ব-লাতা লা-নাস্ক্বী হাত্তা-ইয়ুছ্দিরর্

দুজন নারীকে পেল যারা জন্তু হাঁকাচ্ছিল। সে বলল, তোমাদের কি ইচ্ছা? তারা বলল, আমরা পানি পান করাচ্ছি না, রাখালরা

الرِّعَآءُ سكتة وَاَبُوْنَا شَيْخٌ كَبِيْرٌ ﴿٢٤﴾ فَسَقٰى لَهُمَا ثُمَّ تَوَلّٰۤى اِلَى الظِّلِّ فَقَالَ رَبِّ

রি'আ — য়ু অআবূনা শাইখুন্ কাবীর্। ২৪। ফাসাক্ব-লাহুমা-ছুম্মা তাওয়াল্লা ~ ইলাজ্ জিল্লি ফাক্ব-লা রব্বি

না যাওয়া পর্যন্ত। আমাদের পিতা অতি বৃদ্ধ। (২৪) অতঃপর তাদের পশুগুলোকে সে পানি পান করাল, পরে ছায়ায় গিয়ে বসল

اِنِّىْ لِمَاۤ اَنْزَلْتَ اِلَىَّ مِنْ خَيْرٍ فَقِيْرٌ ﴿٢٥﴾ فَجَآءَتْهُ اِحْدٰىهُمَا تَمْشِىْ عَلَى اسْتِحْيَآءٍ ز

ইন্নী লিমা ~ আন্যাল্তা ইলাইয়্যা মিন্ খাইরিন্ ফাক্বীর্। ২৫। ফাজ্বা — য়াতহু ইহ্দা-হুমা- তাম্শী 'আলাস্ তিহ্ইয়া — য়িন্

আর বলল, হে আমার রব! আমি তোমার কল্যাণ ভিখারী। (২৫) নারীদ্বয়ের একজন লজ্জাবনত হয়ে তার নিকট এসে বলল,

قَالَتْ اِنَّ اَبِىْ يَدْعُوْكَ لِيَجْزِيَكَ اَجْرَ مَا سَقَيْتَ لَنَا ط فَلَمَّا جَآءَهٗ وَقَصَّ

ক্ব-লাত্ ইন্না আবী ইয়াদ্'উকা লিয়াজ্ব্যিয়াকা আজ্ব্রমা- সাক্বইতা লানা-; ফালাম্মা জ্বা — য়াহূ অক্বছ্ছোয়া

আমার পিতা আপনাকে ডাকছেন, আপনাকে পানির পারিশ্রমিক প্রদান করতে৷তার পর মূসা এসে তাকে সকল বিবরণ শুনাল;

عَلَيْهِ الْقَصَصَ لا قَالَ لَا تَخَفْ وقفه نَجَوْتَ مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿٢٦﴾ قَالَتْ

'আলাইহিল্ ক্বছোয়াছোয়া ক্ব-লা লা-তাখফ্ নাজ্বাওতা মিনাল্ ক্বওমিজ্ জোয়া-লিমীন্। ২৬। ক্ব-লাত্

তখন তিনি বললেন, ভয় করো না, জালিম সম্প্রদায়ের কবল থেকে রক্ষা পেয়েগেছ (২৬) কন্যাদ্বয় একজন বলল,

আয়াত-২৩ ঃ এ ঘটনা হতে নিম্নোক্ত গুরুত্বপূর্ণ বিষয়গুলো অবগত হওয়া গেল। একঃ দুর্বলদেরকে সাহায্য করা নবী রাসূলদের সুন্নাত। দুই ঃ বেগানা নারীর সাথে প্রয়োজন বোধে কথা বলায় কোন দোষ নেই। যে পর্যন্ত কোন অনর্থের আশংকা দেখা না দেয়। তিনঃ আলোচ্য ঘটনাটি তখনকার, যখন নারীদের পর্দা অত্যাবশ্যকীয় ছিল না। ইসলামের প্রাথমিক যুগ পর্যন্তও এ ধারা অব্যাহত ছিল। কিন্তু পর্দার আসল লক্ষ্য তখনও স্বভাবগত ভদ্রতা ও লজ্জা-শরমের কারণে নারীদের মধ্যে বিদ্যমান ছিল। এ কারণেই রমণীদ্বয় পুরুষদের সঙ্গে মেলামেশা পছন্দ করেন নি। চারঃ এ ধরনের কাজের জন্য নারীদের বাইরে যাওয়া তখনও পছন্দনীয় ছিল না। এ কারণেই রমণীদ্বয় তাদের পিতার বার্ধক্যের ওযর পেশ করেছেন। (মাঃ কোঃ)

إِحْدَىٰهُمَا يَٰٓأَبَتِ ٱسْتَـْٔجِرْهُ ۖ إِنَّ خَيْرَ مَنِ ٱسْتَـْٔجَرْتَ ٱلْقَوِىُّ ٱلْأَمِينُ ☆

ইহ্দা-হুমা-ইয়া ~ আবাতিস্ তা'জ্বির্হু ইন্না খইর মানিস্ তা'জ্বারতাল্ ক্বওওয়িয়্যুল আমীন্
পিতা! আপনি তাকে কর্মচারী নিয়োগ করুন, আপনার কর্মচারী হিসাবে সে ব্যক্তি উত্তম হবে, যে শক্তিশালী, বিশ্বস্ত।

﴿٢٧﴾ قَالَ إِنِّىٓ أُرِيدُ أَنْ أُنكِحَكَ إِحْدَى ٱبْنَتَىَّ هَٰتَيْنِ عَلَىٰٓ أَن تَأْجُرَنِى

২৭। ক্ব-লা ইন্নী ~ উরীদু আন্ উন্‌কিহাকা ইহ্দাব্ নাতাইয়্যা হা-তাইনি 'আলা ~ আন্ তা''জু্রানী
(২৭) তিনি বললেন, আমি আমার এক কন্যাকে তোমার কাছে এ শর্তে বিয়ে দিতে চাই যে, তুমি আট বছর আমার

ثَمَٰنِىَ حِجَجٍ ۖ فَإِنْ أَتْمَمْتَ عَشْرًا فَمِنْ عِندِكَ ۖ وَمَآ أُرِيدُ أَنْ أَشُقَّ عَلَيْكَ ۚ

ছামা-নিয়া হিজ্বাজ্বিন্ ফাইন্ আত্‌মাম্‌তা 'আশ্‌রান্ ফামিন্ 'ইন্‌দিকা অমা ~ উরীদু আন্ আশুক্ব্‌ক্বা 'আলাইক্;
কাজ করবে, তবে দশ বছর পূর্ণ করলে তা তোমার ইচ্ছা। আর আমি এ ব্যাপারে তোমাকে কষ্ট প্রদান করতে চাই না;

سَتَجِدُنِىٓ إِن شَآءَ ٱللَّهُ مِنَ ٱلصَّٰلِحِينَ ﴿٢٨﴾ قَالَ ذَٰلِكَ بَيْنِى وَبَيْنَكَ ۖ أَيَّمَا

সাতাজ্বিদুনী ~ ইন্‌শা — আল্লা-হু মিনাছ্ ছোয়া-লিহীন্। ২৮। ক্ব-লা যা-লিকা বাইনি অ বাইনাক্; আইয়ামাল্
আল্লাহ চান তো তুমি আমাকে সৎকর্মশীল হিসাবেই পাবে। (২৮) মূসা বললেন, এ চুক্তি আমার ও আপনার মধ্যে।

ٱلْأَجَلَيْنِ قَضَيْتُ فَلَا عُدْوَٰنَ عَلَىَّ ۖ وَٱللَّهُ عَلَىٰ مَا نَقُولُ وَكِيلٌ ﴿٢٩﴾ فَلَمَّا قَضَىٰ ع ৩ ৭ ৬ রুকু

আজ্বালাইনি ক্বদ্বোয়াইতু ফালা-উদ্‌ওয়া-না 'আলাইয়্যা; অল্লা-হু 'আলা-মা-নাকূ্লু অকীল্। ২৯। ফালাম্মা-ক্বাদ্বোয়া-
দুটি সময়ের একটি পূর্ণ করলে আমার ওপর অভিযোগ থাকবে না। এ কথায় আল্লাহ সাক্ষী।(২৯) অতঃপর যখন মূসা তার

مُوسَى ٱلْأَجَلَ وَسَارَ بِأَهْلِهِۦٓ ءَانَسَ مِن جَانِبِ ٱلطُّورِ نَارًا ۖ قَالَ لِأَهْلِهِ

মূসাল্ আজ্বালা অসা-র বিআহ্‌লিহী ~ আ-নাসা মিন্ জ্বা-নিবিত্ব তুরি না-রান্ ক্ব-লা লিআহ্‌লিহিম্
নির্দিষ্ট মেয়াদ পূর্ণ করে সপরিবারে মিশর অথবা শাম দেশের উদ্দেশে যাত্রা করলেন,তখন তিনি তূরপর্বতে আগুন দেখলেন। পরিবারকে

ٱمْكُثُوٓا۟ إِنِّىٓ ءَانَسْتُ نَارًا لَّعَلِّىٓ ءَاتِيكُم مِّنْهَا بِخَبَرٍ أَوْ جَذْوَةٍ مِّنَ ٱلنَّارِ

কুছু ~ ইন্নী আ-নাস্‌তু না-রল্লা-'আল্লী ~ আ-তীকুম্ মিন্‌হা-বিখবারিন্ আও জ্বায্‌ওয়াতিম্ মিনান্না-রি
বললেন, তোমরা এখানে অপেক্ষা কর আমি আগুন দেখতে পাচ্ছি, সেখান থেকে হয়ত আমি খবর পেতে পারি বা অঙ্গার

لَعَلَّكُمْ تَصْطَلُونَ ﴿٣٠﴾ فَلَمَّآ أَتَىٰهَا نُودِىَ مِن شَٰطِئِ ٱلْوَادِ ٱلْأَيْمَنِ فِى ٱلْبُقْعَةِ

লা'আল্লাকুম্ তাছ্‌ত্বোয়ালূন্।৩০। ফালাম্মা ~ আতা-হা-নূদিয়া মিন্ শা-ত্বিয়িল্ ওয়া-দিল্ আইমানি ফিল্ বুক্ব্'আতিল্
আনতে পারি যাতে তোমরা আগুন পোহাতে। (৩০) অতঃপর যখন মূসা আগুনের নিকটবর্তী হলেন, উপত্যকার দক্ষিণের

ٱلْمُبَٰرَكَةِ مِنَ ٱلشَّجَرَةِ أَن يَٰمُوسَىٰٓ إِنِّىٓ أَنَا ٱللَّهُ رَبُّ ٱلْعَٰلَمِينَ ﴿٣١﴾ وَأَنْ أَلْقِ

মুবা-রকাতি মিনাশ্ শাজ্বারতি আইঁ ইয়া- মূসা ~ ইন্নী ~ আনাল্লা-হু রব্বুল্ 'আলামীন্।৩১।অ আন্ আল্‌ক্বি
পবিত্র ভূমির এক বৃক্ষ হতে শব্দ আসল, হে মূসা! নিশ্চয়ই আমি আল্লাহ, সারা জাহানের রব।(৩১) তুমি তোমার লাঠি ফেল,

عَصَاكَ ۖ فَلَمَّا رَآهَا تَهْتَزُّ كَأَنَّهَا جَانٌّ وَلَّىٰ مُدْبِرًا وَلَمْ يُعَقِّبْ ۖ يَا مُوسَىٰ

'আছোয়াক্; ফালাম্মা-রয়া-হা-তাহ্তায্যু কাআন্নাহা-জ্বা — ন্নুঁও অল্লা-মুদ্‌বিরাঁও অলাম্ ইয়ুআক্কিব্; ইয়া-মূসা ~
(লাঠি ফেললে) যখন তাকে সাপের মত ছুটাছুটি করতে দেখলেন তখন মূসা পেছনে হটল, ফিরেও তাকাল না। হে মূসা!

أَقْبِلْ وَلَا تَخَفْ ۖ إِنَّكَ مِنَ الْآمِنِينَ ﴿٣٢﴾ اسْلُكْ يَدَكَ فِي جَيْبِكَ تَخْرُجْ

আক্ব্বিল্ অলা তাখফ্ ইন্নাকা মিনাল্ আ-মিনীন্। ৩২। উস্‌লুক্ ইয়াদাকা ফী জ্বাইবিকা তাখ্‌রুজ্
সামনে অগ্রসর হও, ভয় পেয়ো না, অবশ্যই তুমি নিরাপদ। (৩২) তোমার হাতকে তোমার বগলের ভেতর রাখ, নির্দোষ ও

بَيْضَاءَ مِنْ غَيْرِ سُوءٍ ۖ وَاضْمُمْ إِلَيْكَ جَنَاحَكَ مِنَ الرَّهْبِ فَذَٰنِكَ بُرْهَانَانِ

বাইদ্বোয়া — য়া মিন্ গইরি সূ — য়িঁও ওয়াদ্‌মুম্ ইলাইকা জ্বানা-হাকা মিনার্ রহ্‌বি ফাযা-নিকা বুরহা-না-নি
শুভ্র উজ্জ্বল হয়ে দেখা দেবে। ভয় দূর করার জন্য তোমার হস্তদ্বয় নিজের দিকে চেপে ধর। এ দুটি ফেরাউন ও তার পরিষদবর্গের

مِنْ رَبِّكَ إِلَىٰ فِرْعَوْنَ وَمَلَئِهِ ۚ إِنَّهُمْ كَانُوا قَوْمًا فَاسِقِينَ ﴿٣٣﴾ قَالَ رَبِّ

মির্ রব্বিকা ইলা- ফির্'আউনা অমালায়িহ্; ইন্নাহুম্ কা-নূ ক্বওমান্ ফা-সিক্বীন্। ৩৩। ক্ব-লা রব্বি
জন্য তোমার রবের পক্ষ হতে প্রমাণ। নিশ্চয়ই তারা পাপাচারী সম্প্রদায়। (৩৩) মূসা বললেন, হে আমার রব! আমি তো

إِنِّي قَتَلْتُ مِنْهُمْ نَفْسًا فَأَخَافُ أَنْ يَقْتُلُونِ ﴿٣٤﴾ وَأَخِي هَارُونُ هُوَ أَفْصَحُ

ইন্নী ক্বতাল্তু মিন্হুম্ নাফ্সান্ ফাআখ-ফু আই ঁইয়াক্ব্তুলূন। ৩৪। অআখী হারূ-নু হুওয়া আফ্‌ছোয়াহু
তাদের একজনকে হত্যা করেছি; ফলে আমার ভয় হয় যে, তারা আমাকে হত্যা করবে। (৩৪) আর আমার ভাই হারূন আমার চেয়ে

مِنِّي لِسَانًا فَأَرْسِلْهُ مَعِيَ رِدْءًا يُصَدِّقُنِي ۖ إِنِّي أَخَافُ أَنْ يُكَذِّبُونِ ﴿٣٥﴾ قَالَ

মিন্নী লিসা-নান্ ফাআর্‌সিল্হু মা'ইয়া রিদ্‌য়াই ইয়ুছোয়াদ্দিক্বুনী ~ ইন্নী ~ আখ-ফু আই ইয়ুকায্‌যিবূন্। ৩৫। ক্ব-লা
অধিক প্রাঞ্জলভাষী, তাকে সাথে দিন; সে সমর্থন দেবে; আমার ভয় যে, তারা মিথ্যাবাদী বলবে। (৩৫) বললেন, তোমার

سَنَشُدُّ عَضُدَكَ بِأَخِيكَ وَنَجْعَلُ لَكُمَا سُلْطَانًا فَلَا يَصِلُونَ إِلَيْكُمَا ۚ بِآيَاتِنَا

সানাশুদ্দু 'আদ্বুদাকা বিআখীকা অনাজ্'আলু লাকুমা- সুল্ত্বোয়ান্ ফালা-ইয়াছিলূনা ইলাইকুমা- বিআ-ইয়া-তিনা ~
ভাইকে দিয়ে তোমাকে শক্তিশালী করব, তোমাদের উভয়কে এমন ক্ষমতা দেব যে, ফলে তারা তোমার কাছেও ঘেঁষতে পারবে না।

أَنْتُمَا وَمَنِ اتَّبَعَكُمَا الْغَالِبُونَ ﴿٣٦﴾ فَلَمَّا جَاءَهُمْ مُوسَىٰ بِآيَاتِنَا بَيِّنَاتٍ قَالُوا

আন্‌তুমা-অমানি ত্তাবা'আকুমাল্ গ-লিবূন্। ৩৬। ফালাম্মা-জ্বা — য়াহুম্ মূসা- বিআ-ইয়া-তিনা- বাইয়্যিনা-তিন্ ক্ব-লূ
আমার নিদর্শনসহ যাও, তোমরা ও অনুসারীরাই বিজয়ী হবে। (৩৬) অতঃপর যখন মূসা স্পষ্ট নিদর্শন নিয়ে গেল, বলল, এটি তো

ব্যাখ্যা- আয়াত-৩২ ঃ এই বিশ্ময়কর মু'জিযা দেখে তোমার মনে যে ভয় সঞ্চার হয় তা দূর করার জন্য স্বীয় হস্তদ্বয় আপন দিকে সঙ্কোচিত করে লও। আর কেউ কেউ এর অর্থ বলেন– হযরত মূসা (আঃ) লাঠি সর্প হয়ে যেতে দেখে তিনি ভয়ে তা থেকে আপন হস্তে সরাতে লাগলেন, ভীত লোক যেমন করে। কিন্তু এতে দর্শক শত্রুদের উপর কু-প্রতিক্রিয়া সৃষ্টি হওয়ার আশঙ্কা ছিল। তাই আল্লাহ্ তা'আলা বলেন, লাঠি সর্প হলে যদি ভয় পাও, তবে তোমার হস্ত বাহুদ্বয়কে নিচে দাবিয়ে রেখ, অতঃপর তা বের কর, দেখবে, তা দীপ্তমান উজ্জ্বল সাদা হয়ে বের হবে। অতএব, এ পদ্ধতি অবলম্বনে দুটি উপকার হবে– প্রথমতঃ ভয়ে ভীত অবস্থার অনুকূলে ব্যবস্থা গ্রহণ করা হবে কিন্তু শত্রুরা এ ভীত হওয়ার কথা জানতে পারবে না। দ্বিতীয়তঃ এটি ভিন্ন একটি মু'জিয়া হল। (তাঃ মাদারেক)

مَا هٰذَآ اِلَّا سِحْرٌ مُّفْتَرًى وَّمَا سَمِعْنَا بِهٰذَا فِيْٓ اٰبَآئِنَا الْاَوَّلِيْنَ ﴿٣٧﴾ وَقَالَ

মা-হাযা ~ ইল্লা-সিহ্‌রুম্ মুফ্‌তারঁও অমা-সামি'না- বি হা-যা-ফী ~ আ-বা — য়িনাল্ আউয়্যালীন্।৩৭। অ ক্বা-লা-

মনগড়া যাদু বৈ আর কিছু নয়,এ ব্যাপারে এমন কথা শুনিনি আমাদের পূর্বপুরুষদের পক্ষ থেকে । (৩৭) আর মূসা বলল,

مُوْسٰى رَبِّيْٓ اَعْلَمُ بِمَنْ جَآءَ بِالْهُدٰى مِنْ عِنْدِهٖ وَمَنْ تَكُوْنُ لَهٗ عَاقِبَةُ

মূসা-রব্বী ~ আ'লামু বিমান্ জ্বা — য়া বিল্ হুদা-মিন্ 'ঈন্‌দিহী অমান্ তাকূনু লাহূ আ' ক্বিবাতুদ্

আমার রবই সম্যক অবগত আছেন যে, কে তাঁর পক্ষ থেকে হিদায়াত নিয়ে এসেছে আর পরকালে কার পরিণাম ভাল

الدَّارِ ۭ اِنَّهٗ لَا يُفْلِحُ الظّٰلِمُوْنَ ﴿٣٧﴾ وَقَالَ فِرْعَوْنُ يٰٓاَيُّهَا الْمَلَاُ مَا عَلِمْتُ لَكُمْ

দা-র্ ইন্নাহূ লা-ইয়ুফ্‌লিহুজ্ জোয়া-লিমূন্।৩৮। অক্বা-লা ফির্'আউনু ইয়া ~ আইয়ুহাল্ মালায়ু মা-'আলিম্‌তু লাকুম্

হবে? জালিমেরা সর্বদা বিফল। (৩৮) ফেরাউন বলল, হে পরিষদবৃন্দ! আমি ছাড়া তোমাদের আর কোন ইলাহ আছে

مِّنْ اِلٰهٍ غَيْرِيْ ۚ فَاَوْقِدْ لِيْ يٰهَامٰنُ عَلَى الطِّيْنِ فَاجْعَلْ لِّيْ صَرْحًا لَّعَلِّيْٓ

মিন্ ইলা-হিন্ গইরী, ফাআও ক্বিদ্‌লী ইয়া-হা-মা-নু 'আলাত্ব্ ত্বীনি ফাজ্ব্'আল্‌লী ছোয়ার্‌হাল্লা'আল্লী~

বলে তো আমার জানা নেই; হে হামান! তুমি আমার জন্য ইট পোড়াও উঁচু প্রাসাদ নির্মান কর, যাতে আমি

اَطَّلِعُ اِلٰٓى اِلٰهِ مُوْسٰى ۙ وَاِنِّيْ لَاَظُنُّهٗ مِنَ الْكٰذِبِيْنَ ﴿٣٨﴾ وَاسْتَكْبَرَ هُوَ وَجُنُوْدُهٗ

আত্বত্বোয়ালি'উইলা ~ ইলা-হি মূসা-অইন্নী লাআজুন্নুহূ মিনাল্ কা-যিবীন্। ৩৯। অস্‌তাক্‌বার হুওয়া অ জুনূদুহূ

মূসার ইলাহকে দর্শন করতে পারি, তবে আমি মনে করি সে মিথ্যাবাদী। (৩৯) সে ও তার বাহিনী পৃথিবীতে অন্যায় গর্ব

فِي الْاَرْضِ بِغَيْرِ الْحَقِّ وَظَنُّوْٓا اَنَّهُمْ اِلَيْنَا لَا يُرْجَعُوْنَ ﴿٣٩﴾ فَاَخَذْنٰهُ وَجُنُوْدَهٗ

ফিল্ আর্‌দ্বি বিগইরিল্ হাক্ব্কি অজোয়ান্নু ~ আন্নাহুম্ ইলাইনা- লা-ইয়ুর্‌জ্বা'উন্। ৪০। ফাআখ্‌যনা-হু অজুনূদাহূ

করে মনে করেছিল যে, তাদেরকে ফিরিয়ে আনা হবে না। (৪০) অতঃপর তাকে ও তার বাহিনীকে আমি পাকড়াও করে সমুদ্রে

فَنَبَذْنٰهُمْ فِي الْيَمِّ ۚ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الظّٰلِمِيْنَ ﴿٤٠﴾ وَجَعَلْنٰهُمْ اَىِٕمَّةً

ফানাবাযনা-হুম্ ফিল্ ইয়ামি ফান্‌জুর্ কাইফা কা-না 'আ-ক্বিবাতুজ্ জোয়া-লিমীন্। ৪১। অ জ্বা'আল্‌না-হুম্ আইয়িম্মাতাঁই

নিক্ষেপ করলাম; অতঃপর দেখুন কেমন হয়েছিল, জালিমদের পরিণতি? (৪১) আমি তাদেরকে নেতা করেছিলাম, তারা লোকদেরকে

يَّدْعُوْنَ اِلَى النَّارِ ۚ وَيَوْمَ الْقِيٰمَةِ لَا يُنْصَرُوْنَ ﴿٤١﴾ وَاَتْبَعْنٰهُمْ فِيْ هٰذِهِ الدُّنْيَا

ইয়াদ্‌'উনা ইলান্না-রি অইয়াওমাল্ ক্বিয়া-মাতি লা-ইয়ুন্‌ছোয়ারূন্। ৪২। অ আত্‌বা'না-হুম্ ফী হা-যিহিদ্দুন্‌ইয়া-

দোযখের দিকে আহ্বান করত; পরকালে তাদের কেউ সাহায্যকারী হবে না।(৪২) আর দুনিয়াতে আমি তাদের পেছনে অভিশাপ

لَعْنَةً ۚ وَيَوْمَ الْقِيٰمَةِ هُمْ مِّنَ الْمَقْبُوْحِيْنَ ﴿٤٢﴾ وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ مِنْ

লা'নাতান্ অ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি হুম্ মিনাল্ মাক্ব্‌বূহীন্।৪৩। অলাক্বদ্ আ-তাইনা-মূসাল্ কিতা-বা মিম্

লাগিয়ে রেখেছি, আর কিয়ামত দিবসে তারা হবে ঘৃণিত।(৪৩) আমি পূর্ববর্তী বহু লোকদেরকে ধ্বংস করার পর মূসাকে

৪ ع ১৪ ৭ রুকু

بَعْدِ مَآ أَهْلَكْنَا الْقُرُونَ الْأُولَىٰ بَصَآئِرَ لِلنَّاسِ وَهُدًى وَرَحْمَةً لَّعَلَّهُمْ

বা'দি মা~ আহ্লাক্নাল্ ক্বুরূনাল্ উলা-বাছোয়া — য়িরা লিন্না-সি অহুদাঁও অরহ্মাতাল্ লা'আল্লাহুম্
কিতাব প্রদান করেছি, যা ছিল মানব জাতির জন্য জ্ঞানবর্তিকা, হেদায়াত ও রহমত স্বরূপ, যেন তারা তা থেকে উপদেশ

يَتَذَكَّرُونَ ﴿٤٣﴾ وَمَا كُنتَ بِجَانِبِ الْغَرْبِيِّ إِذْ قَضَيْنَآ إِلَىٰ مُوسَى الْأَمْرَ وَمَا

ইয়াতাযাক্কারূন্। ৪৪। অমা-কুন্তা বিজ্বা-নিবিল্ গর্‌বিয়্যী ইয্ ক্বাদ্বোয়াইনা ~ ইলা-মূসাল্ আম্‌র অমা-
গ্রহণ করতে পারে।(৪৪) আর আমি যখন মূসাকে বিধান দিয়েছিলাম তখন আপনি তূর পর্বতের পশ্চিমে ছিলেন না, আর আপনি

كُنتَ مِنَ الشَّٰهِدِينَ ﴿٤٤﴾ وَلَٰكِنَّآ أَنشَأْنَا قُرُونًا فَتَطَاوَلَ عَلَيْهِمُ الْعُمُرُ ۚ وَمَا

কুন্তা মিনাশ্ শা-হিদীন্। ৪৫। অলা-কিন্না ~ আন্ শা'না ক্বুরূনান্ ফাতাত্বোয়া- অলা 'আলাইহিমুল্ উমুরু অমা-
প্রত্যক্ষদর্শীও ছিলেন না। (৪৫) বরং আমি (মূসার পর) অনেক (যুগ মানব) গোষ্ঠী সৃষ্টি করেছি, তাদের বয়স দীর্ঘ ছিল;

كُنتَ ثَاوِيًا فِىٓ أَهْلِ مَدْيَنَ تَتْلُوا۟ عَلَيْهِمْ ءَايَٰتِنَا وَلَٰكِنَّا كُنَّا مُرْسِلِينَ ﴿٤٥﴾ وَمَا

কুন্তা ছা-ওয়িয়ান্ ফী ~ আহ্লি মাদ্‌ইয়ানা তাত্‌লূ 'আলাইহিম্- আ-ইয়া-তিনা- অলা-কিন্না- কুন্না- মুর্‌সিলীন্। ৪৬। অমা-
আয়াত আবৃত্তির জন্য আপনি মাদ্‌ইয়ানবাসীদের মধ্যে ছিলেন না; আমিই তো রাসূল প্রেরক। (৪৬) আর আমি যখন

كُنتَ بِجَانِبِ الطُّورِ إِذْ نَادَيْنَا وَلَٰكِن رَّحْمَةً مِّن رَّبِّكَ لِتُنذِرَ قَوْمًا مَّآ

কুন্তা বিজ্বা-নিবিত্ব্ ত্বূরি ইয্ না-দাইনা- অলা-কির্ রহ্মাতাম্ মির্ রব্বিকা লিতুন্‌যিরা ক্বওমাম্ মা~
মূসাকে ডাকলাম তখন তূরের পার্শ্বে ছিলেন না; এটি রবের পক্ষ থেকে আপনার প্রতি দয়া, যেন ঐ জাতিকে সতর্ক করতে

أَتَىٰهُم مِّن نَّذِيرٍ مِّن قَبْلِكَ لَعَلَّهُمْ يَتَذَكَّرُونَ ﴿٤٦﴾ وَلَوْلَآ أَن تُصِيبَهُم

আতা-হুম্ মিন্ নাযীরিম্ মিন্ ক্বব্‌লিকা লা'আল্লাহুম্ ইয়াতাযাক্কারূন্।৪৭। অ লাওলা ~ আন্ তুছীবাহুম্
পারেন, যাদের কাছে আপনার পূর্বে সতর্ককারী আসেনি; যেন তারা উপদেশ গ্রহণ করে। (৪৭) তাদের কৃতকর্মের দরুণ যদি

مُّصِيبَةٌۢ بِمَا قَدَّمَتْ أَيْدِيهِمْ فَيَقُولُوا۟ رَبَّنَا لَوْلَآ أَرْسَلْتَ إِلَيْنَا رَسُولًا

মুছীবাতুম্ বিমা-ক্বদ্দামাত্ আইদীহিম্ ফাইয়াক্বূলূ রব্বানা-লাওলা ~ আর্‌সাল্‌তা ইলাইনা-রসূলান্
তাদের উপর বিপদ না আসত তবে তারা বলত, হে আমাদের রব! কেন আমাদের কাছে রাসূল পাঠাও নি? পাঠালে তোমার

فَنَتَّبِعَ ءَايَٰتِكَ وَنَكُونَ مِنَ الْمُؤْمِنِينَ ﴿٤٧﴾ فَلَمَّا جَآءَهُمُ الْحَقُّ مِنْ عِندِنَا

ফানাত্তাবি'আ আ-ইয়া-তিকা অনাকূনা মিনাল্ মু'মিনীন্। ৪৮। ফালাম্মা- জ্বা — য়াহুমুল্ হাক্ব্কু মিন্ 'ইন্‌দিনা-
আয়াত মানতাম, এবং মু'মিনদের অন্তর্ভুক্ত হতাম। (৪৮) অতঃপর যখন তাদের নকট সত্য আসল, তখন তারা বলল,

আয়াত-৪৩ ঃ সত্যান্বেষীদের প্রথমতঃ বোধশক্তি ঠিক হয়। একে বসীরত বলে। তারপর আল্লাহর নির্দেশাবলী গ্রহণ করে। একে হেদায়েত বলে। এরপর হেদায়েতের ফলাফল অর্থাৎ আল্লাহর সান্নিধ্য লাভ হয়। একে 'রহমত' বলে (বঃ কোঃ)
আয়াত-৪৪ঃ নিশ্চিতরূপে কোন বিষয়ের সংবাদ দিতে হলে জ্ঞান দ্বারা এটি উপলব্ধি করা একটি উপায়। কিন্তু এ সমস্ত প্রাচীন কাহিনী জ্ঞান দিয়ে উপলব্ধি করার বিষয় নয়। অথবা কোন ঐতিহাসিক মনীষী হতে শিক্ষা লাভ করা নয়। সে সুযোগও আপনার হয় নি। কিংবা স্বচক্ষে দর্শন করা যে আপনার দরকার তার সুযোগও আপনার হয় নি। সুতরাং একমাত্র ওহীর দ্বারাই আপনি উক্ত জ্ঞান লাভ করতে পেরেছেন। (বঃ কোঃ)

قَالُوْا لَوْلَآ اُوْتِيَ مِثْلَ مَآ اُوْتِيَ مُوْسٰى ؕ اَوَلَمْ يَكْفُرُوْا بِمَآ اُوْتِيَ مُوْسٰى

ক্ব-লূ লাওলা ~ ঊতিয়া মিছ্লা মা ~ ঊতিয়া মূসা-; আওয়ালাম্ ইয়াক্ফুরূ বিমা ~ ঊতিয়া মূসা-
মূসার মত তাকে (মুহাম্মদ (ছঃ) কে) দেয়া হয়নি কেন? তাতে তারা কি মূসাকে দেয়া বিষয় অস্বীকার করেনি? তারা তো

مِنْ قَبْلُ ۚ قَالُوْا سِحْرٰنِ تَظٰهَرَا ۫ وَقَالُوْٓا اِنَّا بِكُلٍّ كٰفِرُوْنَ ﴿٤٩﴾ قُلْ فَاْتُوْا

মিন্ ক্ববলু ক্ব-লূ সিহ্র-নি তাজোয়া-হারা অ ক্ব-লূ ~ ইন্না বিকুল্লিন্ কা-ফিরূন্। ৪৯। ক্বুল্ ফা'তূ
বলেছিল, উভয়েই যাদু, পরস্পর সমর্থনকারী। আরো বলেছিল, আমরা প্রত্যেককে অবিশ্বাস করি।(৪৯) আপনি বলুন,

بِكِتٰبٍ مِّنْ عِنْدِ اللّٰهِ هُوَ اَهْدٰى مِنْهُمَآ اَتَّبِعْهُ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٥٠﴾ فَاِنْ

বিকিতা-বিম্ মিন্ 'ইন্দিল্লা-হি হুওয়া আহ্দা মিন্হুমা ~ আত্তাবি'হু ইন্ কুন্তুম্ ছোয়া-দিক্বীন্। ৫০। ফাইল্
আল্লাহর পক্ষ থেকে কিতাব আন, যা উভয়টি হতে উত্তম, তবে আমিই তা মানব, যদি সত্যবাদী হও। (৫০) অতঃপর তারা

لَّمْ يَسْتَجِيْبُوْا لَكَ فَاعْلَمْ اَنَّمَا يَتَّبِعُوْنَ اَهْوَآءَهُمْ ؕ وَمَنْ اَضَلُّ مِمَّنِ اتَّبَعَ

লাম্ ইয়াস্তাজীবূ লাকা ফা'লাম্ আন্নামা- ইয়াত্তাবি'ঊনা আহ্ওয়া — য়াহুম্ অমান্ আদ্বোয়াল্লু মিম্মানিত্তাবা'আ
যদি সাড়া না দেয়, তবে জানবেন যে, তারা কেবল প্রবৃত্তির দাসত্ব করে; যে আল্লাহর পথ ছেড়ে প্রবৃত্তির দাসত্ব করে

هَوٰىهُ بِغَيْرِ هُدًى مِّنَ اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ لَا يَهْدِى الْقَوْمَ الظّٰلِمِيْنَ ﴿٥١﴾ وَلَقَدْ ع ৫ ৮ ৮ রুকু

হাওয়া-হু বিগইরি হুদাম্ মিনাল্লা-হ্; ইন্নাল্লা-হা লা-ইয়াহ্দিল্ ক্বওমাজ্ জোয়া-লিমীন্। ৫১। অলাক্বদ্
তার চেয়ে বড় ভ্রান্ত আর কে হতে পারে? নিশ্চয়ই আল্লাহ জালিমদেরকে পথ প্রদর্শন করেন না। (৫১) আর আমি তো

وَصَّلْنَا لَهُمُ الْقَوْلَ لَعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ﴿٥٢﴾ اَلَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ مِنْ قَبْلِهٖ

অছ্ছোয়াল্না-লাহুমুল্ ক্বওলা লা'আল্লাহুম্ ইয়াতাযাক্কারূন্। ৫২। আল্লাযীনা আ-তাইনা-হুমুল্ কিতা-বা মিন্ ক্ববলিহী
তাদেরকে ক্রমান্বয়ে বাণী পৌঁছিয়েছি, যেন উপদেশ গ্রহণ করে। (৫২) আমি ইতোপূর্বে যাদেরকে কিতাব দিলাম, তারা

هُمْ بِهٖ يُؤْمِنُوْنَ ﴿٥٣﴾ وَاِذَا يُتْلٰى عَلَيْهِمْ قَالُوْٓا اٰمَنَّا بِهٖٓ اِنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّنَآ অর্ধাংশ

হুম্ বিহী ইয়ু'মিনূন্। ৫৩। অইযা-ইয়ুত্লা- 'আলাইহিম্ ক্ব-লূ ~ আ-মান্না- বিহী ~ ইন্নাহুল্ হাক্কু মির্ রব্বিনা ~
এটা বিশ্বাস করে। (৫৩) তাদের কাছে যখন আবৃত্তি করা হয় তখন বলে, আমরা বিশ্বাস করেছি, এটি রবের পক্ষ হতে সত্য,

اِنَّا كُنَّا مِنْ قَبْلِهٖ مُسْلِمِيْنَ ﴿٥٤﴾ اُولٰٓئِكَ يُؤْتَوْنَ اَجْرَهُمْ مَّرَّتَيْنِ بِمَا صَبَرُوْا وَ

ইন্না-কুন্না-মিন্ ক্ববলিহী মুস্লিমীন্। ৫৪। উলা — য়িকা ইয়ু'তাওনা আজ্রহুম্ মার্রতাইনি বিমা-ছোয়াবারূ অ
আমরা তো এর পূর্বেও এটাকে মেনেছিলাম। (৫৪) তাদের ধৈর্যের কারণে তাদেরকে দ্বিগুণ পুরস্কার দেয়া হবে, আর তারা ভাল দ্বারা

يَدْرَءُوْنَ بِالْحَسَنَةِ السَّيِّئَةَ وَمِمَّا رَزَقْنٰهُمْ يُنْفِقُوْنَ ﴿٥٥﴾ وَاِذَا سَمِعُوا اللَّغْوَ

ইয়াদ্রায়ূনা বিল্হাসানাতিস্ সাইয়িয়াতা অমিম্মা-রযাক্ব্না-হুম্ ইয়ুন্ফিক্বূন্। ৫৫। অ ইযা-সামি'উল্ লাগ্ওয়া
মন্দের মুকাবিলা করে আর আমি তাদেরকে যে রিযিক দিয়েছি তা হতে তারা খরচ করে; (৫৫) তারা যখন বাজে কথা শুনে,

أَعْرَضُوا عَنْهُ وَقَالُوا لَنَا أَعْمَالُنَا وَلَكُمْ أَعْمَالُكُمْ سَلَامٌ عَلَيْكُمْ لَا نَبْتَغِي

আ'রদ্বূ 'আন্‌হু অক্বা-লূ লানা ~ আ'মা-লুনা অলাকুম্ আ'মা-লুকুম্ সালা-মুন্ 'আলাইকুম্ লা-নাব্‌তাগিল্

তখন তা উপেক্ষা করে বলে, আমাদের কর্ম আমাদের, তোমাদের কর্ম তোমাদের; তোমাদের প্রতি সালাম। মূর্খদের সাথে

الْجَاهِلِينَ ﴿٥٥﴾ إِنَّكَ لَا تَهْدِي مَنْ أَحْبَبْتَ وَلَٰكِنَّ اللَّهَ يَهْدِي مَنْ يَشَاءُ ۚ

জা-হিলীন্। ৫৬। ইন্নাকা লা-তাহ্‌দী মান্ আহ্‌বাব্‌তা অলা-কিন্নাল্লা-হা ইয়াহ্‌দী মাইঁ ইয়াশা — য়ু

জড়িত হতে চাই না। (৫৬) আপনি আপনার প্রিয়কে পথ দেখাতে পারবেন না, বরং আল্লাহই ইচ্ছামত পথ দেখান,

وَهُوَ أَعْلَمُ بِالْمُهْتَدِينَ ﴿٥٦﴾ وَقَالُوا إِنْ نَتَّبِعِ الْهُدَىٰ مَعَكَ نُتَخَطَّفْ مِنْ

অহুওয়া আ'লামু বিল্‌মুহ্‌তাদীন্। ৫৭। অক্বা-লূ ~ ইন্ নাত্তাবি'ইল্ হুদা- মা'আকা নুতাখত্ব্ ত্বোয়াফ্ মিন্

এবং তিনিই পথ প্রাপ্তদেরকে চেনেন। (৫৭) তারা বলে, তোমার সঙ্গে সৎপথ মানলে আমরা দেশ হতে বহিষ্কৃত হব; আমি

أَرْضِنَا ۚ أَوَلَمْ نُمَكِّنْ لَهُمْ حَرَمًا آمِنًا يُجْبَىٰ إِلَيْهِ ثَمَرَاتُ كُلِّ شَيْءٍ رِزْقًا

